বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ঢাকা।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

এফআইডি সার্কুলার নম্বরঃ ০৬

তারিখঃ ৬ নভেম্বর, ২০০৩
২২ কার্তিক, ১৪১০

**প্রধান নির্বাহী,**
**বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান**

প্রিয় মহোদয়,

**আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক নগদ রিজার্ভ সংরক্ষণ(CRR), তরল সম্পদ সংরক্ষণ(SLR) সম্পর্কে একীভূত সার্কুলার ।**

সম্প্রতি পরিলক্ষিত হচ্ছে যে, কোন কোন আর্থিক প্রতিষ্ঠান যথাযথভাবে নগদ রিজার্ভ ও তরল সম্পদ সংরক্ষণ করছে না। এতদসংক্রান্ত অনিয়মের বিষয়টি বাংলাদেশ ব্যাংকের পরিদর্শন দল কর্তৃক উদঘাটিত হবার পর সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠান(সমূহ) এর নিকট এবিষয়ে ব্যাখ্যা চাওয়া হলে আর্থিক প্রতিষ্ঠানগুলি CRR/SLR সংক্রান্ত বিদ্যমান নীতিমালা সম্পর্কে যে ব্যাখ্যা প্রদান করে তা থেকে এ সকল বিষয়ে প্রতিষ্ঠানগুলির ধারনার অস্পষ্টতা প্রকাশ পায়। ফলে CRR/SLR এ ঘাটতির জন্য ঐসকল আর্থিক প্রতিষ্ঠানগুলির নিকট হতে অনাকাঙ্খিত দন্ডসুদ/জরিমানা আদায় করা হয়। এমতাবস্থায়, আর্থিক প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকলের সুবিধার্থে আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নগদ রিজার্ভ সংরক্ষণ(CRR) ও তরল সম্পদ সংরক্ষণ(SLR) সংক্রান্ত ইতোপূর্বে জারিকৃত এফআইডি সার্কুলার নং ০৪/৯৭, ০৭/৯৮, ০২/৯৯, ০৮/৯৯, ১৭/২০০০ ও ০৬/২০০১ এবং এফআইডি সার্কুলার লেটার নং-০৩/১৯৯৯ ও ০৩/২০০১ একীভূত করে নিম্নোক্ত নির্দেশাবলী সম্বলিত একটি একক মাষ্টার সার্কুলার জারি করা হল:

০১। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৯ ধারা এবং আর্থিক প্রতিষ্ঠান প্রবিধানমালা ১৯৯৪ এর প্রতিস্থাপিত প্রবিধান-৫ অনুযায়ী মেয়াদী আমানত গ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের মোট দায়-এর ৫% হারে তরল সম্পদ সংরক্ষণ (SLR) করতে হবে। তন্মধ্যে মোট মেয়াদী আমানতের ২.৫% নগদ রিজার্ভ হিসেবে বাংলাদেশ ব্যাংকে সংরক্ষণ করতে হবে, যা তরল সম্পদ হিসেবে গণ্য হবে। গ্রাহকের নিকট থেকে মেয়াদী আমানত ব্যতীত অন্যান্য আমানতের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠানের জন্য নগদ রিজার্ভ সংরক্ষণের বাধ্যবাধকতা নেই। এ শ্রেণীর আর্থিক প্রতিষ্ঠানগুলিকে তাদের এ ধরণের মোট দায়-এর ২.৫% হারে তরল সম্পদ সংরক্ষণ করতে হবে।

০২। তরল সম্পদ হিসাবায়নে আর্থিক প্রতিষ্ঠানের নগদ স্থিতি (বাংলাদেশী মুদ্রা ও নোট), বাংলাদেশ ব্যাংকে রক্ষিত স্থিতি, অন্যান্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে স্থিতি, প্রদত্ত কলমানি, দায়মুক্ত বাংলাদেশ ট্রেজারি বিল, প্রাইজ বণ্ড, সঞ্চয়পত্র, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সাধারণ বা বিশেষভাবে অনুমোদিত যে কোন খাতের সম্পদ অর্ন্তভুক্ত হবে।

০৩। রক্ষিতব্য ন্যূনতম তরল সম্পদের পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে আর্থিক প্রতিষ্ঠানের পরিশোধিত মূলধন ও সংরক্ষিত তহবিল, বাংলাদেশ ব্যাংক হতে গৃহীত ঋণ/কর্জ (যদি থাকে), গৃহীত কলমানি, লাভ-ক্ষতির হিসাবে প্রদর্শিত আকলন স্থিতি (Credit Balance) মোট দায়-এর অন্তর্ভূক্ত হবে না।

০৪। মোট মেয়াদী আমানতের ২.৫% হারে নগদ রিজার্ভ (CRR) হিসাবায়নের ক্ষেত্রে জনসাধারণের নিকট হতে গৃহীত মেয়াদী আমানত (TDR/FDR) ও ঋণ/লিজের বিপরীতে গৃহীত সিকিউরিটিজজনিত জামানত ও অন্যান্য মেয়াদী আমানত অন্তর্ভূক্ত হবে। "**জনসাধারণ**" বলতে Individual Public এবং যে কোনরূপ ব্যবসা প্রতিষ্ঠান অথবা অন্যান্য প্রতিষ্ঠান কে বুঝাবে (কেবল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত)।

০৫। নগদ রিজার্ভ সংরক্ষণের জন্য প্রত্যেক আর্থিক প্রতিষ্ঠান বাংলাদেশ ব্যাংক, মতিঝিল অফিস-এর সাথে একটি চলতি হিসাব সংরক্ষণ করবে। উক্ত হিসাবের জমার উপর কোন প্রকার

সুদ প্রদেয় হবে না। আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের অন্যান্য লেনদেনও উক্ত হিসাবের মাধ্যমে সম্পাদন করতে পারবে।

০৬। আর্থিক প্রতিষ্ঠানসমূহকে কোন মাসের সকল সপ্তাহান্তের (অর্থাৎ সপ্তাহের শেষ কার্যদিবসের) স্থিতির গড়কে ভিত্তি ধরে প্রয়োজনীয় নগদ রিজার্ভ ও তরল সম্পদ পরবর্তী মাসে সংরক্ষণ করতে হবে। নগদ রিজার্ভ ও তরল সম্পদ সংরক্ষণ সংক্রান্ত বিবরণী (সংলগ্নী- ক ও খ এর ছক মোতাবেক) প্রস্তুতপূর্বক তৎপরবর্তী মাসের প্রথম সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংক (আর্থিক প্রতিষ্ঠান বিভাগ) এ দাখিল করতে হবে।

০৭। কলমানি মার্কেটে লেনদেনের বিবরণী (সংলগ্নী -গ এর ছক অনুসারে) যথারীতি সাপ্তাহিক ভিত্তিতে পরবর্তী সপ্তাহের প্রথম কার্যদিবসে বাংলাদেশ ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-এ দাখিল করতে হবে।

০৮। বিবরণী দাখিলে বিলম্বের জন্য সংশ্লিষ্ট আর্থিক প্রতিষ্ঠানের বিরুদ্ধে এফআইডি সার্কুলার নম্বর ০২, তারিখ ২৭/৩/২০০১ এর নির্দেশনা মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হবে।

০৯। কোন আর্থিক প্রতিষ্ঠান তরল সম্পদ সংরক্ষণ (SLR) এ ব্যর্থ হলে প্রতিদিনের ঘাটতির জন্য এক শতাংশ হারে উক্ত আর্থিক প্রতিষ্ঠান অর্থদন্ডে দন্ডনীয় হবে। উক্ত দন্ডের বিধানটি নগদ রিজার্ভ সংরক্ষণ (CRR) এ ব্যর্থতার ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি : ৩(তিন)।

(মো: ইয়াছিন আলী)
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৩৬২

**সংলগ্নী - খ**

## তরল সম্পদ সংরক্ষণ(SLR) বিবরণী (মাসিক)

আর্থিক প্রতিষ্ঠানের নাম :
পৃষ্ঠা : ১
ঠিকানা :

| ক্রমিক | বিবরণ | মাসের নাম |
|---|---|---|
| ১ | মোট দায় নির্ধারণের মাস | |
| ২ | তরল সম্পদ সংরক্ষণের মাস (ক্রমিক ১ এর পরের মাস) | |

(টাকার পরিমাণ হাজারে)

| ক. **মেয়াদী আমানত গ্রহণকারী আর্থিক প্রতিষ্ঠানের জন্য** | | ১ম সপ্তাহের স্থিতি | ২য় সপ্তাহের স্থিতি | ৩য় সপ্তাহের স্থিতি | ৪র্থ সপ্তাহের স্থিতি | ৫ম সপ্তাহের স্থিতি(প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|---|---|---|---|
| ৩ | **মোট মেয়াদী আমানত** (নগদ রিজার্ভ সংরক্ষণ বিবরণীর ৪ নম্বর ক্রমিক অনুসারে) | | | | | |
| ৪ | **অন্যান্য আমানত ও দায়** (পরিশোধিত মূলধন ও রিজার্ভ, ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণ/কর্জ ও কলমানি এবং লাভক্ষতির হিসাবে প্রদর্শিত আকলন ব্যতীত) | | | | | |
| ৫ | মোট দায়(৩+৪) | | | | | |
| ৬ | মোট দায়সমূহের (৫ নম্বর ক্রমিকে সপ্তাহান্তের স্থিতিসমূহের) গড় | | | | | |
| ৭ | ২ নম্বর ক্রমিকে উল্লিখিত মাসে তরল সম্পদ এর সর্বনিম্ন স্থিতি | | | | | |
| ৮ | মোট দায়সমূহের গড়ের (৬ নম্বর ক্রমিক অনুসারে) **৫%** | | | | | |
| ৯ | তরল সম্পদ সংরক্ষণে উদ্বৃত্ত (+)/ঘাটতি (-)(৭-৮) | | | | | |

(টাকার পরিমাণ হাজারে)

| খ. **মেয়াদী আমানত ব্যতীত অন্যান্য আমানত গ্রহণকারী বা কোন আমানত গ্রহণ করে না এমন আর্থিক প্রতিষ্ঠানের জন্য** | | ১ম সপ্তাহের স্থিতি | ২য় সপ্তাহের স্থিতি | ৩য় সপ্তাহের স্থিতি | ৪র্থ সপ্তাহের স্থিতি | ৫ম সপ্তাহের স্থিতি(প্রযোজ্য ক্ষেত্রে) |
|---|---|---|---|---|---|---|
| ১০ | **মোট দায়** (পরিশোধিত মূলধন ও রিজার্ভ, ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত ঋণ/কর্জ ও কলমানি এবং লাভক্ষতির হিসাবে প্রদর্শিত আকলন ব্যতীত) | | | | | |
| ১১ | মোট দায়সমূহের (১০ নম্বর ক্রমিকে সপ্তাহান্তের স্থিতিসমূহের) গড় | | | | | |
| ১২ | ২ নম্বর ক্রমিকে উল্লিখিত মাসে **তরল সম্পদ** এর সর্বনিম্ন স্থিতি | | | | | |
| ১৩ | মোট দায়সমূহের গড়ের (১১ নম্বর ক্রমিক অনুসারে) **২.৫%** | | | | | |
| ১৪ | **তরল সম্পদ** সংরক্ষণে উদ্বৃত্ত(+)/ঘাটতি(-)(১২-১৩) | | | | | |

তারিখ :

| | |
|---|---|
| প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর : | প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর : |
| কর্মকর্তার নাম : | কর্মকর্তার নাম : |
| পদবী : | পদবী : |

নোট ১ : তরল সম্পদ বলতে (ক) আর্থিক প্রতিষ্ঠানের নগদ স্থিতি (বাংলাদেশী মুদ্রা ও নোট), (খ) বাংলাদেশ ব্যাংকে রক্ষিত স্থিতি, (গ) অন্যান্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে স্থিতি, (ঘ) প্রদত্ত কলমানি, (ঙ) দায়মুক্ত বাংলাদেশ ট্রেজারি বিল, প্রাইজ বণ্ড, সঞ্চয়পত্র এবং (চ) বাংলাদেশ ব্যাংক কর্তৃক সাধারণ বা বিশেষভাবে অনুমোদিত যে কোন খাতের সম্পদকে বুঝাবে ।

নোট ২ : তরল সম্পদ সংরক্ষণের বিস্তারিত বিবরণী(অপর পৃষ্ঠায় প্রদর্শিত ছকে) জমা দিতে হবে ।

নোট ৩ : সপ্তাহান্ত বলতে সপ্তাহের শেষ কার্যদিবসকে বুঝাবে ।

# তরল সম্পদ সংরক্ষণের বিস্তারিত বিবরণী

মাসের নাম (প্রথম পৃষ্ঠায় ২ নম্বর ক্রমিকে উল্লিখিত) :

(টাকার পরিমাণ হাজারে)

| তারিখ | নগদ স্থিতি (বাংলাদেশী নোট ও অন্যান্য মুদ্রা) | বাংলাদেশ ব্যাংকে স্থিতি | অন্যান্য ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠানে স্থিতি | প্রদত্ত কলমানি | দায়মুক্ত বাংলাদেশ ট্রেজারি বিল, প্রাইজ বন্ড, সঞ্চয়পত্র | বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত অন্যান্য তরল সম্পদ | মোট তরল সম্পদ | সংরক্ষিতব্য ন্যূনতম তরল সম্পদ (ক্রমিক নম্বর ৮ বা ১৩ অনুসারে) | তরল সম্পদ সংরক্ষণ উদ্বৃত্ত(+)/ ঘাটতি(-) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | | | | |
| ২ | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | |
| ১১ | | | | | | | | | |
| ১২ | | | | | | | | | |
| ১৩ | | | | | | | | | |
| ১৪ | | | | | | | | | |
| ১৫ | | | | | | | | | |
| ১৬ | | | | | | | | | |
| ১৭ | | | | | | | | | |
| ১৮ | | | | | | | | | |
| ১৯ | | | | | | | | | |
| ২০ | | | | | | | | | |
| ২১ | | | | | | | | | |
| ২২ | | | | | | | | | |
| ২৩ | | | | | | | | | |
| ২৪ | | | | | | | | | |
| ২৫ | | | | | | | | | |
| ২৬ | | | | | | | | | |
| ২৭ | | | | | | | | | |
| ২৮ | | | | | | | | | |
| ২৯ | | | | | | | | | |
| ৩০ | | | | | | | | | |
| ৩১ | | | | | | | | | |

মন্তব্য(যদি থাকে) :

প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর :
কর্মকর্তার নাম :
পদবী :

প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর :
কর্মকর্তার নাম :
পদবী :

## কলমানি মার্কেটে লেনদেনের(CALL LOAN) বিবরণী(সাপ্তাহিক)

.............................. তারিখে সমাপ্ত সপ্তাহের ।

আর্থিক প্রতিষ্ঠানের নাম :
ঠিকানা :

(টাকার পরিমাণ হাজারে)

| গৃহীত কল লোন | | |
|---|---|---|
| ক্রমিক | বিবরণ | টাকা |
| ১ | গত সপ্তাহান্তে গৃহীত কললোনের স্থিতি | |
| ২ | চলতি সপ্তাহান্তে গৃহীত কললোনের স্থিতি | |
| ৩ | চলতি সপ্তাহে গৃহীত কললোনের সর্বোচ্চ স্থিতি | |
| ৪ | চলতি সপ্তাহে কললোন গ্রহণের ক্ষেত্রে সর্বোচ্চ সুদের হার | |
| ৫ | চলতি সপ্তাহে কললোন গ্রহণের ক্ষেত্রে সর্বনিম্ন সুদের হার | |

| প্রদত্ত কল লোন | | |
|---|---|---|
| ক্রমিক | বিবরন | টাকা |
| | গত সপ্তাহান্তে প্রদত্ত কললোনের স্থিতি | |
| | চলতি সপ্তাহান্তে প্রদত্ত কললোনের স্থিতি | |
| | চলতি সপ্তাহে প্রদত্ত কললোনের সর্বোচ্চ স্থিতি | |
| | চলতি সপ্তাহে কললোন প্রদানের ক্ষেত্রে সর্বোচ্চ সুদের হার | |
| | চলতি সপ্তাহে কললোন প্রদানের ক্ষেত্রে সর্বনিম্ন সুদের হার | |

তারিখ :

প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর :
কর্মকর্তার নাম :
পদবী :

প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর :
কর্মকর্তার নাম :
পদবী :